দৈনিক ইত্তেফাক

তারিখ ........

পৃষ্ঠা ........ কলাম ........

## এসএসসি ঃ ১০ হাজার ছাত্র-ছাত্রী শেষ সুযোগ পাচ্ছে

ইত্তেফাক রিপোর্ট ॥ গত দুটি এসএসসি পরীক্ষায় এক বিষয়ে ফেল করা ১০ হাজার ছাত্র-ছাত্রীকে তৃতীয় দফা পরীক্ষার সুযোগ দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। গত বছর এক বিষয়ে ফেল করার পর এসব ছাত্র-ছাত্রী চলতি বছরের এসএসসি পরীক্ষায় ঐ বিষয়ে ফেল করেছে। গতকাল বুধবার বিভিন্ন শিক্ষা বোর্ডের কর্মকর্তাদের সাথে অনুষ্ঠিত এক বৈঠকে শিক্ষা প্রতিমন্ত্রী আ.ন.ম. এহসানুল হক মিলন ছাত্র-ছাত্রীদের ভবিষ্যতের কথা চিন্তা করে এই সিদ্ধান্তের ঘোষণা দিয়েছেন। এসব ছাত্র-ছাত্রী আগামী বছর ফেল করা বিষয়ে পরীক্ষা দেয়ার শেষ সুযোগ পাবে।